

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.৯৯.১০৭.২২-১০৩৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
১০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল স্কুল অফ ফিউচার এর “৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াড ২০২২” অনলাইন এক্টিভেশন আয়োজন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোবটিকস এন্ড মেকাট্রনিকস ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক এর যৌথ আয়োজনে “৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াড ২০২২” আয়োজিত হচ্ছে। এ বছর সারা দেশের প্রতিযোগীদের নিয়ে অফলাইনে আগামী ২৫ ও ২৬ অক্টোবর তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক মিলনায়তনে ৫ম বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের জাতীয় পর্বের মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, গত ২৫ সেপ্টেম্বর তারিখ থেকে এ অলিম্পিয়াডের রেজিস্ট্রেশন শুরু হয়েছে।

০২। আগামী ১২, ১৩, ১৬ ও ১৭ অক্টোবর তারিখে ৩০০ টি সংসদীয় আসনে অবস্থিত শেখ রাসেল স্কুল অফ ফিউচারে নিম্নলিখক অনুযায়ী বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের অনলাইন এক্টিভেশন অনুষ্ঠিত হবে। উল্লেখিত তারিখে আপনার প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ৩০ জন (৮ থেকে ১৮ বছর বয়সী) শিক্ষার্থী উপস্থিত নিশ্চিত করতে হবে। ল্যাবের ইন্টারনেট সংযোগ ব্যবহার করে নিচে প্রদত্ত লিঙ্ক এ শিক্ষার্থীরা অনলাইন এক্টিভেশনে যুক্ত হবে। সকাল ১০ টা থেকে ১১.৩০টা পর্যন্ত অনলাইনে এক্টিভেশন চলবে। এক্টিভেশন চলাকালীন বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের প্রশিক্ষকবৃন্দ অনলাইনে এই অলিম্পিয়াডের নিয়মাবলী ও অংশগ্রহণের পদ্ধতি সম্পর্কে অবহিত করবেন। এ সময় মাল্টিমিডিয়া প্রোজেক্টর ব্যবহার করে শিক্ষার্থীরা এই এক্টিভেশন কর্মশালা উপভোগ করবে।

ক্রম	বিভাগ	এক্টিভেশনের তারিখ	মিটিং আইডি, পাসওয়ার্ড এবং লিংক;
১.	রংপুর ও রাজশাহী	১২ অক্টোবর ২০২২, বুধবার	<a href="https://us06web.zoom.us/j/84252525925?pwd=YzFFaDEySEZYUHcxdStncFZQbXlYZZz09">https://us06web.zoom.us/j/84252525925?pwd=YzFFaDEySEZYUHcxdStncFZQbXlYZZz09</a>
২.	ঢাকা ও ময়মনসিংহ	১৩ অক্টোবর ২০২২, বৃহস্পতিবার	
৩.	চট্টগ্রাম ও সিলেট	১৬ অক্টোবর ২০২২, রবিবার	Meeting ID: 842 5252 5925
৪.	খুলনা ও বরিশাল	১৭ অক্টোবর ২০২২, সোমবার	Passcode: bdro2022

০৩। উক্ত অলিম্পিয়াডের এক্টিভেশন প্রোগ্রাম, কর্মশালা ও জাতীয় পর্ব আয়োজন, আন্তর্জাতিক প্রতিযোগিতার জন্য দুই মাস ব্যাপী অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ শেষে আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডের বাংলাদেশ দল নির্ধারণ করা হবে। উক্ত দল থাইল্যান্ডের ফুকেট শহরে অনুষ্ঠিতব্য ২৪ তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াড এ অংশগ্রহণ করবেন।

০৪। এমতাবস্থায়, এক্টিভেশনের দিন আপনার প্রতিষ্ঠানের “শেখ রাসেল স্কুল অফ ফিউচার ল্যাব” খোলা রাখাসহ ৩০ জন শিক্ষার্থী উপস্থিত নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মোঃ মোস্তফা কামাল

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ফোন (অফিস): +৮৮০ ২৪১ ০২৪০৭২  
ইমেইল: dg@doict.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২. পরিচালক (অর্থ ও প্রশাসন) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিবের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৮. প্রোগ্রামার (সকল)
৯. সহকারি প্রোগ্রামার (সকল)
১০. উপজেলা শিক্ষা অফিসার (সকল)।
১১. সভাপতি, বাংলাদেশ রোবট অলিম্পিয়াড
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪. অফিস কপি।